

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৪৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজীদের জন্য আরাফার স্থলে মিনায় অবস্থান করা এবং সেখান থেকে রওয়ানা হওয়া জায়েয নেই মর্মে বর্ণনা

ذَكَرُ الْإِخْبَارِ عَنْ نَفِيٍّ جَوَازِ الْإِفَاضَةِ لِلْحَاجِّ مِنْ مَنَى دُونَ عَرَفَاتٍ وَالْكَيْنُونَةِ بِهَا

আরবী

3845 – أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ أَخْزَمَ قَالَ: حَدَّثَنَا أَبُو دَاوُدَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: (كَانَتْ قُرَيْشُ قُطَّانِ الْبَيْتِ وَكَانُوا يُفِيضُونَ مِنْ مَنَى وَكَانَ النَّاسُ يُفِيضُونَ مِنْ عَرَفَاتٍ فَأَنْزَلَ اللَّهُ: {ثُمَّ أَفِيضُوا مِنْ حَيْثُ أَفَاضَ النَّاسُ} [البقرة: 199].

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3845 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (1668): ق بلفظ: المزدلفة؛ وهو المحفوظ.

বাংলা

৩৮৪৫. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “কুরাইশরা বাইতুল্লাহর দেখাশুনাকারী ছিলেন। তারা মিনা থেকে রওয়ানা দিতো। আর লোকজন আরাফাহ থেকে রওয়ানা হতো। অতঃপর আল্লাহ আয়াত নাযিল করেন, ثُمَّ أَفِيضُوا مِنْ حَيْثُ أَفَاضَ النَّاسُ (তারপর তোমরা সেখান থেকে ফিরে যাও, যেখান থেকে লোকজন ফিরে যায়। সূরা বাকারাহ: ১৯৯)।” [1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৩০১৮; সুনান বাইহাকী: ৫/১১৩; সহীহুল বুখারী: ১৬৬৫; সহীহ মুসলিম: ১২১৯; আবু দাউদ: ১৯১০; তিরমিযী: ৮৮৪; নাসাঈ: ৫/২৫৫; বাগাবী: ১৯২৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৬৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93184>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন